গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
সেগুনবাগিচা, ঢাকা

[ মূল্য সংযোজন কর ]

প্রজ্ঞাপন

তারিখঃ ১৬ আষাঢ়, ১৪১৭ বঙ্গাব্দ / ৩০ জুন, ২০১০ খ্রিষ্টাব্দ

এস, আর, ও নং-২৪৬-আইন/২০১০/৫৬৬-মূসক।— মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৩ এর উপ-ধারা (৫) এর দফা (খ) তে প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড উহার ২৭ জ্যৈষ্ঠ, ১৪১৭ বঙ্গাব্দ মোতাবেক ১০ জুন, ২০১০ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস, আর, ও নং ২০০-আইন/২০১০/৫৪৯-মূসক এ নিম্নরূপ সংশোধন করিল, যথাঃ-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের টেবিলের –

(ক) কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যা S০২৪ এবং তদ্‌বিপরীতে কলাম (২) ও কলাম (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ শিরনামা সংখ্যা S০২৪ এবং তদ্‌বিপরীতে কলাম (২) ও (৩) এ যথাক্রমে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

| | | |
|---|---|---|
| "S০২৪ | S০২৪.০০ | আসবাবপত্রের বিপণন কেন্দ্রঃ<br>ব্যাখ্যা।– "আসবাবপত্রের বিপণন কেন্দ্র" অর্থ নিজস্ব প্রস্তুতকৃত বা অন্যের দ্বারা প্রস্তুতকৃত যে কোন আসবাবপত্র পণের বিনিময়ে বিক্রয়ের স্থান এবং উক্তরূপ আসবাবপত্রের প্রস্তুত ও মেরামতের স্থানও উহার অন্তর্ভুক্ত হইবে।"; |

(খ) কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যা S০৩৭ এবং তদ্‌বিপরীতে কলাম (২) ও কলাম (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ শিরনামা সংখ্যা S০৩৭ এবং তদ্‌বিপরীতে কলাম (২) ও (৩) এ যথাক্রমে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

| | | |
|---|---|---|
| "S০৩৭ | S০৩৭.০০ | যোগানদার (Procurement Provider)ঃ<br>ব্যাখ্যা।– "যোগানদার" অর্থ কোটেশন বা দরপত্র বা অন্যবিধভাবে বিভিন্ন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান, বেসরকারী সংস্থা (এনজিও), ব্যাংক, বীমা বা অন্য কোন আর্থিক প্রতিষ্ঠান, লিমিটেড কোম্পানী বা শিক্ষা প্রতিষ্ঠানের নিকট পণের বিনিময়ে যে কোন পণ্য বা সেবা বা উভয়ই সরবরাহ করেন এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা।"; |

(গ) কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যা S০৪৮ ও S০৪৯ এবং উহাদের বিপরীতে কলাম (২) ও কলাম (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে যথাক্রমে নিম্নরূপ শিরনামা সংখ্যা S০৪৮ ও S০৪৯ এবং উহাদের বিপরীতে কলাম (২) ও (৩) এ যথাক্রমে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

"S০৪৮ S০৪৮.০০ পরিবহণ ঠিকাদার ঃ

ব্যাখ্যা।- "পরিবহণ ঠিকাদার" অর্থ এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি বা যারা বাণিজ্যিক ভিত্তিতে কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান, বেসরকারী সংস্থা (এনজিও), ব্যাংক, বীমা বা অন্য কোন আর্থিক প্রতিষ্ঠান, লিমিটেড কোম্পানী বা শিক্ষা প্রতিষ্ঠানে, তালিকাভুক্ত হউক বা না হউক, পণের বিনিময়ে যে কোন পণ্য পরিবহণপূর্বক গন্তব্যস্থলে পৌছানোর দায়িত্ব পালন করেন।

S০৪৯ S০৪৯.০০ যানবাহন ভাড়া প্রদানকারী ঃ

ব্যাখ্যা।- "যানবাহন ভাড়া প্রদানকারী" অর্থ এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি বা যাহারা বাণিজ্যিক ভিত্তিতে পণের বিনিময়ে সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান, বেসরকারী সংস্থা (এনজিও), ব্যাংক, বীমা বা অন্য কোন আর্থিক প্রতিষ্ঠান, লিমিটেড কোম্পানী বা শিক্ষা প্রতিষ্ঠানকে কার (ট্যাক্সিক্যাব ব্যতীত), জীপ, মাইক্রোবাস, বাস, কোষ্টার, মিনিবাস, ট্রেন, লঞ্চ, স্পীডবোট, ট্রলার বা অনুরূপ যে কোন নামের বা ধরনের স্থলযান বা জলযান ভাড়া প্রদান করেন।";

(ঘ) কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যা S০৫৬ এবং তদ্‌বিপরীতে কলাম (২) ও কলাম (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ শিরনামা সংখ্যা S০৫৬ এবং তদ্‌বিপরীতে কলাম (২) ও (৩) এ যথাক্রমে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

"S০৫৬ S০৫৬.০০ ব্যাংকিং ও নন ব্যাংকিং সেবা প্রদানকারী ঃ

ব্যাখ্যা।- "ব্যাংকিং ও নন ব্যাংকিং সেবা প্রদানকারী" অর্থ কোন রাষ্ট্রায়ত্ব, দেশীয় বা বিদেশী বাণিজ্যিক ব্যাংক অথবা আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ধারা ২ এর দফা (খ) তে সংজ্ঞায়িত আর্থিক প্রতিষ্ঠান বা সংস্থা যাহারা কমিশন, ফি বা চার্জের বিনিময়ে ব্যাংকিং বা নন ব্যাংকিং সেবা যথা:- ঋণপত্র, ব্যাংক গ্যারান্টি, ডিমাণ্ড ড্রাফট, পে-অর্ডার,

টিটি, এমটি, কমিটমেন্ট, হ্যান্ডলিং, যে কোন প্রকারের হিসাব (account) খোলা ও নবায়ন এবং আবেদনপত্র প্রক্রিয়াকরণসহ অন্যান্য সকল সেবা (স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত কোম্পানীর শেয়ার ক্রয়-বিক্রয় সংক্রান্ত সেবা ব্যতীত) প্রদান করিয়া থাকে।";

(ঙ) কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যা S০৬০ এবং তদ্‌বিপরীতে কলাম (২) ও কলাম (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ শিরনামা সংখ্যা S০৬০ এবং তদ্‌বিপরীতে কলাম (২) ও (৩) এ যথাক্রমে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

"S০৬০ S০৬০.০০ নিলামকৃত পণ্যের ক্রেতা ঃ

ব্যাখ্যা।- "নিলামকৃত পণ্যের ক্রেতা" অর্থ এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি অর্থের বিনিময়ে নিলাম ডাকের মাধ্যমে বা দরপত্র দ্বারা বা দরপত্র ছাড়া কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান, বেসরকারী সংস্থা (এনজিও), ব্যাংক, বীমা বা অন্য কোন আর্থিক প্রতিষ্ঠান, লিমিটেড কোম্পানী বা শিক্ষা প্রতিষ্ঠানের স্থাবর বা অস্থাবর সম্পত্তি বাণিজ্যিক বা ব্যক্তিগত ব্যবহারের উদ্দেশ্যে ক্রয় করিয়া থাকেন।"; এবং

(চ) কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যা S০৬৫ এবং তদ্‌বিপরীতে কলাম (২) ও কলাম (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ শিরনামা সংখ্যা S০৬৫ এবং তদ্‌বিপরীতে কলাম (২) ও (৩) এ যথাক্রমে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

"S০৬৫ S০৬৫.০০ ভবন, মেঝে ও অংগন পরিস্কার বা রক্ষণাবেক্ষণকারী সংস্থাঃ

ব্যাখ্যা।- "ভবন, মেঝে ও অংগন পরিস্কার বা রক্ষণাবেক্ষণকারী সংস্থা" অর্থ পণের বিনিময়ে সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান, বেসরকারী সংস্থা (এনজিও), ব্যাংক, বীমা বা অন্য কোন আর্থিক প্রতিষ্ঠান, লিমিটেড কোম্পানী, শিক্ষা প্রতিষ্ঠান বা আন্তর্জাতিক সংস্থার ভবন, মেঝে ও অংগন পরিস্কারের কার্যে নিয়োজিত কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা।"।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

[ এ. কে. এম. মাহবুবুর রহমান ]
দ্বিতীয় সচিব (মূসক নীতি ও বাজেট)